



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbf.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি'তে নাগরিক সেবায় উদ্ভাবন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



২৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের প্রশিক্ষণ কেন্দ্রে গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহযোগিতায় রূপকল্প-২০২১ বাস্তবায়নের নিমিত্ত 'নাগরিক সেবায় উদ্ভাবন' শীর্ষক এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। এ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক আফরোজা গুল নাহার প্রধান অতিথি এবং কর্পোরেশনের মহাব্যবস্থাপক মোঃ আমিন উদ্দিন ও মোঃ জাহিদুল হক বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কর্পোরেশনের পরিকল্পনা ও মানব সম্পদ উন্নয়ন বিভাগের উপ-মহাব্যবস্থাপক ড. সৈয়দ মোহাম্মাদ মোয়াজ্জাম হোসেন। কর্মশালায় এটুআই এর প্রধান প্রশিক্ষক ছিলেন সমবায় অধিদপ্তরের যুগ্ম নিবন্ধক মোঃ মাহাবুবুর রহমান।

দুই দিনব্যাপী অনুষ্ঠিত উক্ত কর্মশালায় কর্পোরেশনের ২০জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। উক্ত কর্মশালায় প্রশিক্ষণার্থীদের নাগরিক সেবায় উদ্ভাবন সম্পর্কিত সৃজনশীল ধারণা, উদ্ভাবনী আইডিয়ার বাস্তবায়ন, একটিভিটি প্ল্যান তৈরি ও বাস্তবায়ন বিষয়ে হাতে-কলমে ধারণা প্রদান করা হয়।